रजिस्ट्री सं डी-221

Registered No. D-211

রেজিস্ট্রী নং ডি-২২১

सत्यमेव जयते

# भारत का राजपत्र
# The Gazette of India
# ভারতের গেজেট

असाधारण

EXTRAORDINARY

বিশেষ

भाग VII—अनुभाग 1

PART VII—Section 1

ভাগ ৭—অনুভাগ ১

प्राधिकार से प्रकाशित

**Published by Authority**

প্রাধিকারবলে প্রকাশিত

| | | |
|---|---|---|
| सं 10 | नई दिल्ली, शुक्रबार, सितम्बर 4, 2020 | [भाद्र 13, 1942 शक |
| No. 10 | NEW DELHI, FRIDAY, SEPTEMBER 4, 2020 | [BHADRA 13, 1942 (SAKAY) |
| নং 10 | নতুন দিল্লী, শুক্রবার, ৪ঠা সেপ্টেম্বর ২০২০ | [১৩ই ভাদ্র, ১৯৪২(শক) |


## বিধি ও ন্যায় মন্ত্রণালয়
## (বিধান বিভাগ)

নতুন দিল্লী, ১১ই মার্চ, ২০২০/২১ শে ফাল্গুন, ১৯৪১ (শক)

(১) দি মেডিক্যাল টারমিনেশন অফ প্রেগন্যানসি অ্যাক্ট, ১৯৭১ (১৯৭১-এর ৩৪),

(২) দি অ্যান্টি অ্যাপারথেইড (ইউনাইটেড নেশন্স কন্‌ভেন্‌শান্) অ্যাক্ট, ১৯৮১ (১৯৮১-র ৪৮),

(৩) দি স্টেট এমব্লেম অফ ইণ্ডিয়া (প্রোহিবিশন অফ ইমপ্রপার ইয়ুজ) অ্যাক্ট, ২০০৫ (২০০৫-এর ৫০),

(৪) দি কমিশনস্ ফর প্রোটেক্সন্ অফ্ চাইল্ড রাইট্স্ অ্যাক্ট, ২০০৫ (২০০৬-এর ৪),

(৫) দি ন্যাশনাল ইনভেস্টিগেশন্ এজেন্সি অ্যাক্ট, ২০০৮ (২০০৮-এর ৩৪),

(৬) দি সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং রিসার্চ বোর্ড অ্যাক্ট, ২০০৮ (২০০৯-এর ৯),

(৭) দি সেন্ট্রাল গুডস্ অ্যান্ড সার্ভিসেস ট্যাক্স (এক্সটেনশন টু জম্মু অ্যান্ড কাশ্মীর) অ্যাক্ট, ২০১৭ (২০১৭-র ২৬),

(৮) দি ইনটিগ্রেটেড গুডস্ অ্যান্ড সার্ভিসেস ট্যাক্স (এক্সটেনশন টু জম্মু অ্যান্ড কাশ্মীর) অ্যাক্ট, ২০১৭ (২০১৭-র ২৭) এবং

(৯) দি মুসলিম উইমেন (প্রোটেকশন অফ রাইটস অন ম্যারেজ) অ্যাক্ট, ২০১৯ (২০১৯-এর ২০)-এর বঙ্গানুবাদ এতদ্দ্বারা রাষ্ট্রপতির প্রাধিকারাধীন প্রকাশিত হইতেছে এবং তৎসমূহ প্রাধিকৃত পাঠ (কেন্দ্রীয় বিধি) আইন, ১৯৭৩ (১৯৭৩-এর ৫০)-এর ২ ধারার (ক) প্রকরণ অনুযায়ী প্রাধিকৃত পাঠরূপে গণ্য হইবে।

## *MINISTRY OF LAW AND JUSTICE*

### *(Legislative Department)*

New Delhi, Dated, the 11th March, 2020/ 21 Phalguna, 1941 (Saka)

(1) The Medical Termination of Pregnancy Act, 1971 (34 of 1971),

(2) The Anti-Apartheid (United Nations Convention) Act, 1981 (48 of 1981),

(3) The State Emblem of India (Prohibition of Improper Use) Act, 2005 (50 of 2005),

(4) The Commission for Protection of Child Rights Act, 2005 (4 of 2006),

(5) The National Investigation Agency Act, 2008 (34 of 2008),

(6) The Science and Engineering Research Board Act, 2008 (9 of 2009),

(7) The Central Goods and Services Tax (Extension to Jammu and Kashmir) Act, 2017 (26 of 2017),

(8) The Integrated Goods and Services Tax (Extension to Jammu and Kashmir) Act, 2017 (27 of 2017) and

(9) The Muslim Women (Protection of Rights on Marriage) Act, 2019 (20 of 2019) are hereby published under the authority of the President and shall be deemed to be the authoritative texts thereof in Bengali under clause (a) of Section 2 of the Authoritative Texts (Central Laws) Act, 1973 (50 of 1973).

# কেন্দ্রীয় পণ্য ও পরিষেবা কর (জম্মু ও কাশ্মীরে প্রসারণ) আইন, ২০১৭

## (২০১৭-র ২৬ নং আইন)

[১১ ই মার্চ, ২০২০ তারিখে যথা-বিদ্যমান]

কেন্দ্রীয় পণ্য ও পরিষেবা কর আইন, জম্মু ও কাশ্মীর রাজ্যে প্রসারণের জন্য ব্যবস্থা করণার্থ আইন।

ভারত সাধারণতন্ত্রের আটষট্টিতম বর্ষে সংসদ কর্তৃক নিম্নরূপে বিধিবদ্ধ হইল :—

সংক্ষিপ্ত নাম ও প্রারম্ভ।

**১।** (১) এই আইন কেন্দ্রীয় পণ্য ও পরিষেবা কর (জম্মু ও কাশ্মীরে প্রসারণ) আইন, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা ৮ই জুলাই, ২০১৭ তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

কেন্দ্রীয় পণ্য ও পরিষেবা কর আইন, ২০১৭-র প্রসারণ ও সংশোধন।

**২।** (১) কেন্দ্রীয় পণ্য ও পরিষেবা কর আইন, ২০১৭ (২০১৭-র ১২) (অতঃপর মূল আইন বলিয়া উল্লিখিত) এবং কেন্দ্রীয় সরকার কর্তৃক তদধীনে প্রণীত সকল নিয়ম, প্রজ্ঞাপন ও আদেশ, এতদ্দ্বারা, জম্মু ও কাশ্মীর রাজ্যে প্রসারিত হইবে এবং বলবৎ হইবে।

(২) এই আইনের প্রারম্ভের তারিখ হইতে কার্যকারিতাসহ, মূল আইনে,—

(ক) ১ ধারায়, (২) উপধারায়, ‘‘জম্মু ও কাশ্মীর রাজ্য ব্যতীত” এই শব্দসমূহ বাদ যাইবে ;

(খ) ২২ ধারায়, ব্যাখ্যায়, (ii) প্রকরণে, ‘‘সংবিধান” এই শব্দের পর ‘‘জম্মু ও কাশ্মীর রাজ্য ব্যতীত” এই শব্দসমূহ সন্নিবেশিত হইবে;

(গ) ১০৯ ধারায়, (৬) উপধারায়,—

(i) ‘‘প্রত্যেক রাজ্য বা সংঘশাসিত রাজ্যক্ষেত্র”, এই শব্দসমূহের পর ‘‘জম্মু ও কাশ্মীর রাজ্য ব্যতীত” এই শব্দসমূহ সন্নিবেশিত হইবে;

(ii) প্রথম অনুবিধিতে, ‘‘তবে”, এই শব্দের স্থলে নিম্নলিখিত অংশ প্রতিস্থাপিত হইবে, যথা —

‘‘তবে জম্মু ও কাশ্মীর রাজ্যের জন্য, এই আইন অনুযায়ী গঠিত পণ্য পরিষেবা কর আপীলী ট্রাইব্যুনাল-এর রাজ্য পীঠ জম্মু ও কাশ্মীর পণ্য ও পরিষেবা কর আইন, ২০১৭ অনুযায়ী গঠিত রাজ্য আপীলী ট্রাইব্যুনাল হইবে :

পরন্তু”;

(iii) দ্বিতীয় অনুবিধিতে ‘‘পরন্তু” এই শব্দের স্থলে ‘‘অধিকন্তু” এই শব্দ প্রতিস্থাপিত হইবে।

নিরসন ও ব্যাবৃত্তি

**৩।** (১) কেন্দ্রীয় পণ্য ও পরিষেবা কর (জম্মু ও কাশ্মীরে প্রসারণ) অধ্যাদেশ, ২০১৭ (২০১৭-র ৩ অধ্যাদেশ) এতদ্দ্বারা নিরসিত হইল।

(২) ঐরূপ নিরসন সত্ত্বেও, উক্ত অধ্যাদেশ অনুযায়ী কৃত কোন কিছু বা গৃহীত কোন ব্যবস্থা এই আইনের তৎস্থানী বিধানাবলী অনুযায়ী কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।